# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৬২

৪০/ কিয়ামত (كتاب صفة القيامة والرقائق والورع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ أَبِي بَكْرِ بْنِ أَبِي مَرْيَمَ، ح وَحَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، أَخْبَرَنَا ابْنُ الْمُبَارَكِ، عَنْ أَبِي بَكْرِ بْنِ أَبِي مَرْيَمَ، عَنْ ضَمْرَةَ بْنِ حَبِيبٍ، عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " الْكَيِّسُ مَنْ دَانَ نَفْسَهُ وَعَمِلَ لِمَا بَعْدَ الْمَوْتِ وَالْعَاجِزُ مَنْ أَتْبَعَ نَفْسَهُ هَوَاهَا وَتَمَنَّى عَلَى اللَّهِ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ . قَالَ وَمَعْنَى قَوْلِهِ " مَنْ دَانَ نَفْسَهُ " . يَقُولُ حَاسَبَ نَفْسَهُ فِي الدُّنْيَا قَبْلَ أَنْ يُحَاسَبَ يَوْمَ الْقِيَامَةِ . وَيُرْوَى عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ حَاسِبُوا أَنْفُسَكُمْ قَبْلَ أَنْ تُحَاسَبُوا وَتَزَيَّنُوا لِلْعَرْضِ الأَكْبَرِ وَإِنَّمَا يَخِفُّ الْحِسَابُ يَوْمَ الْقِيَامَةِ عَلَى مَنْ حَاسَبَ نَفْسَهُ فِي الدُّنْيَا . وَيُرْوَى عَنْ مَيْمُونِ بْنِ مِهْرَانَ قَالَ لاَ يَكُونُ الْعَبْدُ تَقِيًّا حَتَّى يُحَاسِبَ نَفْسَهُ كَمَا يُحَاسِبُ شَرِيكَهُ مِنْ أَيْنَ مَطْعَمُهُ وَمَلْبَسُهُ .

বাংলা

২৪৬২. সুফইয়ান ইবন ওয়াকীর’ (রহঃ) ও আবদুল্লাহ ইবন আবদুর রহমান (রহঃ) ......শাদ্দাদ ইবন আওস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বুদ্ধিমান হল সেই ব্যক্তি যে ব্যক্তি স্বীয় নাফসকে নিয়ন্ত্রনে রাখে এবং মৃত্যুর পরের জন্য আমল করে। অক্ষম হল সে ব্যক্তি যে ব্যক্তি স্বী নাফসের চাহিদার অনুসরণ করে চলে আর সে আল্লাহর কাছে অলীক আশা পোষণ করে। যঈফ, ইবনু মাজাহ ৪২৬০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৫৯ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান।مَنْ دَانَ نَفْسَهُ এর মর্ম হল কিয়ামত দিবসের হিসাবে পূর্বেই দুনিয়াতেই সে নিজে নাফসের হিসাব-কিতাব নেয়।

উমাম ইবন খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ তোমরা নিজেদের হিসাব নাও, হিসাবের

সম্মুখীন হওয়ার পূর্বে। (কিয়ামত দিবসের) মহা উপস্থাপনের জন্য নিজেদের সাজিয়ে নাও। যে ব্যক্তি দুনিয়াতেই নিজের হিসাব নিবে কিয়ামতের দিন সেই ব্যক্তির হিসাব হালকা হবে।

মায়মূন ইবন মিহরান (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ একজন অংশীদারের যেমন হিসাব নেয় তেমনিভাবে খাদ্য ও বস্ত্র কোথা থেকে সংগ্রহ হল ইত্যাদি নিজের হিসাব যতক্ষণ না নিবে ততক্ষণ কোন বান্দা মুত্তাকী হতে পারবে না।

## English

Shaddad bin Aws narrated that the Prophet (s.a.w) said:
"The clever person ids the one who subjugates his soul, and works for what is after death. And the incapable is the one who follows his desires and merely hopes in Allah."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ শাদ্দাদ ইবনু আওস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37816

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন